

## মিয়ানমারে শেখ রাসেল দিবস পালন

বাংলাদেশ দূতাবাস, ইয়াংগুন, মিয়ানমার যথাযোগ্য মর্যাদায় "শেখ রাসেল দিবস-২০২১" উৎযাপন করেছে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে দূতাবাস বিস্তারিত কর্মসূচী গ্রহণ করে। শেখ রাসেল দিবস উপলক্ষ্যে দূতাবাস শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগীতার আয়োজন করে। অনুষ্ঠানমালায় শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন, আলোচনা সভা, শেখ রাসেলের জীবনের উপর ছোটদের বক্তব্য, শিশু-কিশোরদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান এবং জন্মদিনের কেক কাটা অন্তর্ভুক্ত ছিল। অনুষ্ঠান মালায় মিয়ানমারের সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি অনুসরণ করা হয়।

দিবসের কর্মসূচীতে দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীগন, পরিবারবর্গ, এবং মিয়ানমারে বসবাসরত প্রবাসী বাংলাদেশীগন অংশগ্রহন করেন। শিশু-কিশোরদের স্বতস্ফূর্ত অংশগ্রহন ছিল লক্ষনীয়। আলোচনা সভায় বক্তারা শহীদ শেখ রাসেলের সংক্ষিপ্ত জীবনের বিভিন্ন ঘটনা ও শিশু রাসেলের চারিত্রিক গুনাবলী উল্লেখ করেন এবং ১৫ই আগষ্ট ১৯৭৫-এর বিয়োগান্তক ঘটনা স্মরণ করেন। রাষ্ট্রদূত তার বক্তব্যে দেশের শিশু-কিশোর ও তরুন প্রজন্মের কাছে শহীদ শেখ রাসেল অবৈগ ও ভালবাসায় বেচে থাকবে বলে উল্লেখ করেন। অনুষ্ঠানে চিত্রাংকন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ গ্রহনকারী শিশু-কিশোরদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। সবশেষে শহীদ শেখ রাসেলের বিদোহী আত্মার মাগফেরাত কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

